

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-২ শাখা।  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

“শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি”

নং-৪৬.০০.০০০০.০৬৪.১৪.০৫২.১৪(অংশ-১)-১১১৫

তারিখঃ ২৩/১০/২০২২খ্রিঃ।

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার  
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়  
স্থানীয় সরকার বিভাগ, হিসাব ভবন (৫ তলা, গেট-৪)  
সেগুন বাগিচা, ঢাকা।


বিষয়ঃ ২০২২-২০২৩ অর্থ বছরের উন্নয়ন বাজেটে পৌরসভাসমূহের জন্য “ডেঙ্গু মশক নিধন, পরিষ্কার-পরিচ্ছন্নতা ও প্রচার” উপ-খাতে বরাদ্দকৃত অর্থের ১ম কিস্তির অর্থ অবমুক্তকরণ।

মহোদয়,

অর্থ বিভাগের ৩০/৮/২০০০ইং তারিখের অম/অবি/উঃ ১/বিবিধ-৪৬/৯৭/৪৬৯ নম্বর স্মারকের মাধ্যমে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগকে প্রদত্ত ক্ষমতাবলে ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের “ডেঙ্গু মশক নিধন, পরিষ্কার-পরিচ্ছন্নতা ও প্রচার” উপ-খাত হতে পৌর এলাকায় পরিষ্কার-পরিচ্ছন্ন, ডেঙ্গু মশক নিধন এবং এর বংশ বিস্তার রোধে প্রয়োজনীয় সরঞ্জামাদী ক্রয় এবং জনগণের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট বিতরণ, মাইকিং, টিভি স্ক্রলে ও লোকাল ডিশ চ্যানেলে সচেতনতামূলক বিজ্ঞাপন প্রচারের নিমিত্ত বরাদ্দকৃত মোট ১০.০০ কোটি টাকার মধ্যে ২৫% অর্থ সংরক্ষিত রেখে ৭.৫০ কোটি টাকা হতে ১ম কিস্তি বাবদ ১৫,৫৪,০০০/- (পনের লক্ষ চুয়ান্ন হাজার) টাকা ২৫ টি পৌরসভার অনুকূলে নিম্নবর্ণিতভাবে ছাড়করণে নির্দেশক্রমে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করা হলোঃ


ক্রঃ নং	পৌরসভার নাম	শ্রেণী	জেলার নাম	বরাদ্দকৃত অর্থ (হাজার টাকায়)	ক্রঃ নং	পৌরসভার নাম	শ্রেণী	জেলার নাম	বরাদ্দকৃত অর্থ (হাজার টাকায়)
১.	পিরোজপুর	ক	পিরোজপুর	৭৫.০০	১৪.	কেশবপুর	ক	যশোর	৬০.০০
২.	দিনাজপুর	ক	দিনাজপুর	৭৫.০০	১৫.	পাটগ্রাম	ক	লালমনিরহাট	৬০.০০
৩.	ঠাকুরগাঁও	ক	ঠাকুরগাঁও	৭৫.০০	১৬.	সখিপুর	ক	টাঙ্গাইল	৬০.০০
৪.	নীলফামারী	ক	নীলফামারী	৭৫.০০	১৭.	দোহার	ক	ঢাকা	৬০.০০
৫.	টাঙ্গাইল	ক	টাঙ্গাইল	৭৫.০০	১৮.	গৌরনদী	ক	বরিশাল	৬০.০০
৬.	মুন্সীগঞ্জ	ক	মুন্সীগঞ্জ	৭৫.০০	১৯.	মীরকাদিম	ক	মুন্সীগঞ্জ	৬০.০০
৭.	কুড়িগ্রাম	ক	কুড়িগ্রাম	৭৫.০০	২০.	ভৈরব	ক	কিশোরগঞ্জ	৬০.০০
৮.	শ্ররূপকাঠী	ক	পিরোজপুর	৬০.০০	২১.	শিবগঞ্জ	ক	চাঁপাইনবাবগঞ্জ	৬০.০০
৯.	মঠবাড়িয়া	ক	পিরোজপুর	৬০.০০	২২.	চৌগাছা	খ	যশোর	৫০.০০
১০.	বাকেরগঞ্জ	ক	বরিশাল	৬০.০০	২৩.	কুয়াকাটা	খ	পটুয়াখালী	৫০.০০
১১.	শৈলকুপা	ক	ঝিনাইদহ	৬০.০০	২৪.	লামা	খ	বান্দরবান	৫০.০০
১২.	মোংলা পোর্ট	ক	বাগেরহাট	৬০.০০	২৫.	রাজৈর	গ	মাদারীপুর	৩৯.০০
১৩.	কালীগঞ্জ	ক	ঝিনাইদহ	৬০.০০					

- ০২। উপরোক্ত অর্থ অনুদান হিসেবে দেয়া হলো।
- ০৩। ২০২২-২০২৩ অর্থ বছরের উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-৩৪, হিসাবের খাত ১৩৭০১/১৩৭০১০১/২২১০০০৫০০/৪১১১৩১৭ (আইবাস এন্ড্রি কোড-৪১১১৩১৭) হতে এ ব্যয় মিটানো হবে।
- ০৪। সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/প্রশাসক ও প্রধান নির্বাহী কর্মকর্তা/পৌর নির্বাহী কর্মকর্তাগণ যৌথভাবে এ মঞ্জুরীকৃত অর্থের আয়ন ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।
- ০৫। এ অর্থ পৌর এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন, ডেঙ্গু মশক নিধন এবং এর বংশ বিস্তার রোধে প্রয়োজনীয় সরঞ্জামাদী ক্রয় এবং জনগণের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট বিতরণ, মাইকিং, টিভি স্ক্রলে ও লোকাল ডিশ চ্যানেলে সচেতনতামূলক বিজ্ঞাপন প্রচার ব্যতীত অন্য কোন কাজে ব্যয় করা যাবে না।
- ০৬। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ (সর্বশেষ সংশোধনসহ) অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।
- ০৭। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে।
- ০৮। এ অর্থ ছাড়করণে অর্থ বিভাগ কর্তৃক ২৪/০৮/২০২২ খ্রিঃ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৭.২০১১-৩৬৯ নং স্মারকে ১ম কিস্তি ছাড়ের সম্মতি জ্ঞাপন করা হয়েছে।
- ০৯। ভবিষ্যতে অডিটের প্রয়োজনে ব্যয়কৃত অর্থের সকল ডকুমেন্ট সংরক্ষণ করতে হবে।

  
(ফারজানা মান্নান)  
উপসচিব  
ফোনঃ ৯৫৭৫৫৭২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় {দৃঃ আঃ উপসচিব (বাজেট-১১)}।
- ০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক (সকল), জেলা.....।
- ০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। মেয়র/প্রশাসক,.....পৌরসভা, জেলাঃ.....।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল), উপজেলা:..... জেলা:.....।
- ০৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, জেলা.....।
- ০৮। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, উপজেলা..... জেলাঃ.....।

  
(ফারজানা মান্নান)  
উপসচিব  
ফোনঃ ৯৫৭৫৫৭২